

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৬২/২০১৮

তারিখঃ ১৬/০৯/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-২৬৩/২০১৮, তারিখঃ ০৬ সেপ্টেম্বর, ২০১৮ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

ISPS Code/DS/G(As)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

জরুরী

পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-২৬৩/২০১৮

তারিখ, চট্টগ্রামঃ ০৬ সেপ্টেম্বর, ২০১৮

বিষয়ঃ-বন্দর সংরক্ষিত এলাকায় প্রবেশ/অবস্থানকালে বন্দর ব্যবহারকারী সরকারী/বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের অধীনে নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের ISPS Code অনুসরণসহ নিরাপত্তার (Safety & Security) স্বার্থে পরিপূর্ণ পোষাক-পরিচ্ছদ (Waistcoat, সেফটি স্যু, হেলমেট, গ্লোভস ও হারনেস (প্রয়োজ্যক্ষেত্রে) পরিধান নিশ্চিত করণ প্রসঙ্গে।

সূত্র :

- ক। মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ের পত্র নং- ০৬.০০.০০০০.০০২.১৬.০০১.১২/৬৯৪ তারিখ- ০৬জুন ২০১২ইং।  
খ। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর পত্র নং-১৮.১৭.০০০০.০২০.১২.০০৬.১৭-৪৯৭৭, তারিখ -২৫/০৭/২০১৮ইং।  
গ। US Coast Guard, IPS, Liason Office এর ২০ জুলাই ২০১৮ইং ই-মেইল বার্তা (সকলকে নহে)।

১। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর একটি প্রথম 'ক' শ্রেণীর KPI এবং ISPS Code অনুসরণকারী আন্তর্জাতিক সমুদ্র বন্দর। তাই KPI Instruction ও ISPS Code অনুসরণে চট্টগ্রাম বন্দরে নিরাপত্তা কার্যক্রম পরিচালিত হচ্ছে বিধায় চট্টগ্রাম বন্দরে ISPS Code বাস্তবায়নসহ সার্বিক নিরাপত্তার দিক অধিকার বিবেচনায় নিয়ে বন্দর সংরক্ষিত এলাকায় প্রবেশ/অবস্থানকালে বন্দর ব্যবহারকারী সরকারী/বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের অধীনে নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের Colour Coded Reflecting Security Waistcoat পরিধানসহ আইডি কার্ড দৃশ্যমানভাবে ঝুলিয়ে রাখা আবশ্যিক।

২। প্রসংগত উল্লেখ্য যে, সূত্র 'খ' ও 'গ' পত্রের আলোকে জানা যায় যে, আগামী ০১-০২ অক্টোবর ২০১৮ইং তারিখ ISPS Code এর আওতায় US Coast Guard এর IPS প্রতিনিধিদল চট্টগ্রাম বন্দর পরিদর্শনে আসবেন। তাই উক্ত পরিদর্শনকালীন যাতে বন্দর সম্পর্কিত কোনরূপ নেতিবাচক/বিরূপ মনোভাব সৃষ্টি না হয় সে লক্ষ্যে যথাযথ পোষাক-পরিচ্ছদ (সেফটি স্যু, হেলমেট, গ্লোভস ও হারনেস (প্রয়োজ্যক্ষেত্রে) পরিধান বাধ্যতামূলক করণের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য বন্দর ব্যবহারকারী হিসেবে আপনার সংস্থা/প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের যথাযথ নির্দেশনা প্রদানসহ বিষয়টি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩। অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরিত হলো।

স্বাক্ষরিত/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-১৮.০৪.০০০০.১৩২.১৮ (ISPS).০১.১৬/১৩৪৫

তারিখ- /০৯/২০১৮ইং